ঢাবির টিএসসি এলাকায় ককটেল বিস্ফোরণ, শিক্ষার্থীদের বিক্ষোভ



সংগৃহীত ছবি

বুধবার (১২ নভেম্বর) রাত ৯টা ২০ মিনিটের দিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসি মেট্রো স্টেশন সংলগ্ন এলাকায় হঠাৎ দুটি বিস্ফোরণের শব্দে আতঙ্ক ছড়িয়ে পড়ে। প্রত্যক্ষদর্শীদের দাবি, সোহরাওয়ার্দী উদ্যানের ভেতর থেকে কেউ ককটেল ছুড়ে পালিয়ে যায়।

বিকট শব্দে আশপাশের এলাকায় আতঙ্ক সৃষ্টি হয়, অনেক শিক্ষার্থী দৌড়ে নিরাপদ স্থানে আশ্রয় নেন। তবে কে বা কারা এ ঘটনার সঙ্গে জড়িত, তা এখনো জানা যায়নি।

ঘটনার পরপরই শিক্ষার্থীরা বিক্ষোভে নামেন এবং দ্রুত তদন্ত ও নিরাপত্তা ব্যবস্থা জোরদারের দাবি জানান।

LENS ASIA